# 📖 রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

## হাদিস নাম্বারঃ ৯৯০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৮৩]

৭/ সফরের আদব-কায়দা (كتاب آداب السفر)

পরিচ্ছেদঃ ১৭৪: কোন মঞ্জিলে (বিশ্রাম নিতে) অবতরণ করলে সেখানে কী দো‘আ পড়বে?

(174) بَابُ مَا يَقُوْلُ إِذَا نَزَلَ مَنْزِلًا

আরবী

وعن ابن عمرو رَضي اللهُ عنهمَا قال: كانَ رسولُ اللهِ صلى الله عليه وسلم إذا سَافَرَ فَأَقبَلَ اللَّيْلُ قال: « يَا أَرْضُ رَبِّي وَربُّكِ اللهِ، أَعُوذُ بِاللهِ مِنْ شرِّكِ وشَرِّ ما فِيكِ، وشر ماخُلقَ فيكِ، وشَرِّ ما يدِبُّ عليكِ، وأَعوذ باللهِ مِنْ شَرِّ أَسدٍ وَأَسْودٍ، ومِنَ الحيَّةِ والعقربِ، وَمِنْ سَاكِنِ البلَدِ، ومِنْ والِدٍ وما وَلَد » رواه أبو داود.

বাংলা

২/৯৯০। আবদুল্লাহ ইবনু উমার (রাযিয়াল্লাহু ’আনহুমা) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সফর করতেন এবং সফরে রাত্রি হয়ে যেতো, তখন তিনি বলতেনঃ (ইয়া আরদু রাব্বী ও রাব্বুকিল্লাহ আ’উযু বিল্লাহি মিন শাররিকি ওয়া শাররি মা ফীকি, ওয়া শাররি মা খুলিক্বা ফীকি, ওয়া শাররি মা ইয়াদিববু আলাইকি আ’উযু বিল্লাহি মিন শাররি আসাদিন ওয়া আসওয়াদিন ওয়া মিনাল হাইয়্যাতি ওয়াল আক্বরাবি ওয়া মিন সাকিনিল বালাদি ওয়া মিন ওয়ালিদিও ওয়ামা ওয়ালাদ)

(হে মাটি! তোমার ও আমার প্রভু হচ্ছেন আল্লাহ তা’আলা। আমি আল্লাহর আশ্রয় প্রার্থনা করি। তোমার অনিষ্ট থেকে, তোমার ভিতরে যা আছে তার অনিষ্ট থেকে তোমার ভিতরে যা সৃষ্টি করা হয়েছে তার অনিষ্ট থেকে এবং যা কিছু তোমার উপরে বিচরণ করে তার অনিষ্ট থেকে। আর আমি আল্লাহর নিকট বাঘ ও কাল সাপ হতে এবং সর্ব প্রকারের সাপ, বিচ্ছু হতে আর শহরবাসীদের অনিষ্টকারিতা হতে এবং জম্মদানকারী ও জন্মলাভকারীর অনিষ্টকারিতা হতে আশ্রয় চাই)। (আবূ দাঊদ)[1]

## English

(174) Chapter: Supplication on Alighting at a Halt

Ibn 'Umar (May Allah be pleased with them) reported:
Whenever the Messenger of Allah (ﷺ) set out on a journey, he would say by nightfall: "Ya ardu, Rabbi wa Rabbuk-illahu, a'udhu billahi min sharriki wa

sharri ma fiki, wa sharri ma khuliqa fiki, wa sharri ma yadibbu 'alaiki; a'udhu billahi min sharri asadin wa aswadin, wa minal-hayyati wal-'aqrabi, wa min sakinil-baladi, wa min walidin wa ma walad [O land, my Rubb and your Rubb is Allah, I seek refuge in Him from your evils, the evils of what you contain, the evils of what has been created in you, and the evils of what walks upon you. I seek refuge in Allah from lions, black serpents, scorpions and from the inhabitants of the place, and from the parent (i.e., Satan) and his offspring who inhabit a settlement (i.e., helpers from amongst the devils)]."

[Abu Dawud].

Commentary: This prayer teaches us to seek Allah's Protection against all animals and poisonous insects of the earth. Among earth dwellers are also included jinn. In the dark of night one may encounter harm from all such creatures. We are recommended to recite this prayer more at night, than during the day because harm is more likely to take place at night; and whoever recites this prayer with the firm belief that Allah will protect him against all the evils mentioned in the Hadith, Allah will surely protect him.

## ফুটনোট

[1] আমি (আলবানী) বলছিঃ হাদীসটির সনদে অজ্ঞতা রয়েছে যদিও হাদীসটিকে হাকিম ও যাহাবী সহীহ্ আখ্যা দিয়েছেন আর আসকালানী হাসান আখ্যা দিয়েছেন। দেখুন ‘‘য‘ঈফাহ্’’ (৪৮৩৭)। এর সনদটি দুর্বল হওয়ার কারণ হচ্ছে যুবায়ের ইবনুল ওয়ালীদ। কারণ তিনি মাজহূল (অপরিচিত)। হাফিয যাহাবীও ‘‘আলমীযান’’ গ্রন্থে তার মাজহূল হওয়ার দিকেই ইঙ্গিত করেছেন। আবূ দাউদ ২৬০৩ হাদীসটি এককভাবে শুধু আবূ দাউদে বর্ণিত হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=24023

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন